

তথ্য মন্ত্রণালয়ের আওতায় ২০১৫-১৬ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন
প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/বিভা গের নাম	মোট সমাপ্ত প্রকল্পে র সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়ো গ প্রকল্পের সংখ্যা	কারিগ রী সহায় তা প্রকল্পে র সংখ্যা	জেডিসিএ ফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রা ন্ত প্রকল্পে র সংখ্যা	সময় অতিক্রা ন্ত প্রকল্পে র সংখ্যা	সময় অতিক্রা ন্তের হার (%) সর্বনিম্ন- সর্বোচ্চ	ব্যয় অতিক্রা ন্ত প্রকল্পে র সংখ্যা	ব্যয় অতিক্রা ন্তের হার (%) সর্বনিম্ন- সর্বোচ্চ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
০১।	তথ্য মন্ত্রণালয়	১টি	-	১	-	-	১	৫০%	-	-

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ০১টি।

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ: ব্যয় বৃদ্ধি হয়নি। প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য শুধু মেয়াদ বৃদ্ধি হয়েছে।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

সমস্যা	সুপারিশ
(১)	(২)
Making a March towards Universal Health Coverage in Bangladesh: Training up Journalists and Capacitating Press Institute of Bangladesh -শীর্ষক প্রকল্প	
৩.১ প্রকল্পের অব্যয়িত অর্থ কোষাগারে জমা দেয়াঃ আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নকালে অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়নি। এ বিষয়ে মন্ত্রণালয়ের সাথে পরামর্শপূর্বক অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে।	৩.১ প্রকল্পের অব্যয়িত অর্থ অবিলম্বে সরকারী কোষাগারে জমা প্রদান করে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করতে হবে।
৩.২ সেমিনার, ওয়ার্কশপ ও দেশি-বৈদেশিক প্রশিক্ষণঃ আলোচ্য প্রকল্পটিতে বেশ কিছু ধরনের সেমিনার, ওয়ার্কশপ, দেশি-বৈদেশিক প্রশিক্ষণ ইত্যাদি প্রদান করা হয়েছে। উক্ত প্রশিক্ষণপ্রাপ্তরা প্রশিক্ষণের দক্ষতা প্রয়োগিক/বাস্তব ক্ষেত্রে কিভাবে কাজে লাগিয়েছে সে বিষয়ে সুবিন্যস্ত তথ্য উপাত্ত এবং ফলোআপের অভাব রয়েছে।	৩.২ ভবিষ্যতে এ ধরনের প্রকল্প প্রণয়নকালে এমনভাবে পরিকল্পনা করতে হবে যাতে প্রশিক্ষণলব্ধ জ্ঞান প্রশিক্ষণার্থীবৃন্দ বাস্তবে প্রয়োগ করছে কিনা তা নিয়মিত পরিবীক্ষণ করে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংরক্ষণ করা যায়। প্রয়োজনে ডাটাবেজ করে এর ফলোআপ কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।
৩.৩ টিভি টক শো: আলোচ্য প্রকল্পের আওতায় টিপিপি অনুযায়ী ৪০টি টিভি টকশো করার কথা থাকলেও ২৪টি করা হয়েছে। এর কারণ হিসেবে জানানো হয় যে টিপিপিতে টিভি টকশো'র ব্যয় প্রাক্কলন সঠিক হয়নি, নির্ধারিত ব্যয়ে তাই ৪০টি টকশো করা যায়নি।	৩.৩ ভবিষ্যতে গ্রহীতব্য প্রকল্পের অংগভিত্তিক ব্যয় ও প্রাক্কলন সঠিকভাবে নিরূপন করতে হবে।

Making a March towards Universal Health Coverage in Bangladesh: Training up Journalists and Capacitating Press Institute of Bangladesh (PIB)

-শীর্ষক সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন

১। প্রকল্পের নাম	Making a March towards Universal Health Coverage in Bangladesh: Training up Journalists and Capacitating Press Institute of Bangladesh (PIB).
২। প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ	তথ্য মন্ত্রণালয়।
৩। বাস্তবায়নকারী সংস্থা	বাংলাদেশ প্রেস ইন্সটিটিউশন (পিআইবি)।
৪। প্রকল্পের অবস্থান	বাংলাদেশ প্রেস ইন্সটিটিউশন (পিআইবি), ঢাকা।
৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়	

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকা ল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল (প্রঃ সাঃ)	সংশোধিত (প্রঃ সাঃ)		মূল	সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৫৬.৬৬ (১৫৬.৬৬)	-	১৫২.৫৯ (১৫২.৫৯)	জুলাই ২০১৩ হতে জুন ২০১৫	-	জুলাই ২০১১ হতে জুন ২০১৬*	-	০১ বছর (৫০%)

* প্রকল্পটি ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে এক বছর মেয়াদ বাড়ানো হয়েছে।

** মূল প্রাক্কলিত ব্যয়ের তুলনায় প্রকৃত ব্যয় ৪.০৭ লক্ষ টাকা (২.৫৯%) কম এবং প্রকৃত বাস্তবায়ন মেয়াদ মূল পরিকল্পিত মেয়াদ হতে ১ বছর (৫০%) বেশী।

৬। **প্রকল্পের অর্থায়নের উৎস:** প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ১৫৬.৬৬ লক্ষ টাকা। এর পুরোটাই প্রকল্প সাহায্য যার অর্থায়নের উৎস যুক্তরাষ্ট্রভিত্তিক রকফেলার ফাউন্ডেশন।

৭। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়নঃ** মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন অনুযায়ী প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

অঙ্গের নাম (টিপিপি অনুযায়ী)	একক	টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		বাস্তব অগ্রগতি	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
Planning Workshop on UHC	সংখ্যা	1.71	1	1.69	1
Seminar on UHC	সংখ্যা	5.66	1	5.50	1
Talk shows on UHC on a TV Channel	সংখ্যা	12.00	40	12.00	24
Integrating Health Journalism to Universities	সংখ্যা	6.85	6	6.60	6
Exposer trip for journalists on UHC in	সংখ্যা	40.85	2	39.86	2

অঙ্গের নাম (টিপিপি অনুযায়ী)	একক	টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		বাস্তব অগ্রগতি	
		আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
neighboring countries					
Linking PIB with Int'l Organisation	সংখ্যা	20.00	1	18.58	1
Advisory Committee Meeting	সংখ্যা	1.03	8	0.94	8
Training of Trainers (ToT)	সংখ্যা	3.69	1	3.58	1
Orientation Program on UHC	সংখ্যা	21.30	9	21.30	9
Capacity Building of PIB officials	সংখ্যা	10.00	2	9.53	2
Research on Health Reporting in Bangladesh	সংখ্যা	4.61	1	4.61	1
Monitoring and Impact Evaluation	সংখ্যা	4.30	1	3.98	1
Developing Training Manual	সংখ্যা	4.20	500	3.97	500
Purchase of Training Equipments	সংখ্যা	3.45	6	3.45	6
Technological Capacity Enhancement	থোক	17.00	থোক	17.00	থোক
সর্বমোট		156.66		152.59	

৮। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** আলোচ্য প্রকল্পের আওতায় সমস্ত কাজ সম্পাদিত হয়েছে। তবে টিপিপি অনুযায়ী ৪০টি টিভি টকশো করার কথা থাকলেও ব্যয় প্রাক্কলন সঠিক না হওয়ায় বরাদ্দকৃত অর্থে ২৪টি টকশো করা হয়েছে।

৯। সাধারণ পর্যবেক্ষণঃ

৯.১। প্রকল্পের পটভূমিঃ

বাংলাদেশে ইউনিভার্সেল হেলথ কাভারেজ (UHC) সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি করা বিশেষতঃ সাংবাদিকদের মধ্যে এবিষয়ে সচেতনতা সৃষ্টির প্রয়োজন রয়েছে। বাংলাদেশ প্রেস ইন্সটিটিউশন (পিআইবি) মূলতঃ সাংবাদিকতা, গণমাধ্যম ও উন্নয়ন যোগাযোগ সংক্রান্ত প্রশিক্ষণ, গবেষণা ও প্রকাশনা সহ নানা ধরনের কার্যক্রম পরিচালনা করে থাকে। সাংবাদিকদের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য এ বিষয়ে প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার করা সহ প্রয়োজনীয় গবেষণা বা প্রাতিষ্ঠানিক শিক্ষাদান জরুরী। এমতাবস্থায় মার্কিন যুক্তরাষ্ট্রের রকফেলার ফাউন্ডেশনের অর্থায়নে 'মেকিং এ মার্চ টুওয়ার্ডস ইউনিভার্সেল হেলথ কাভারেজ ইন বাংলাদেশ; ট্রেনিং আপ জার্নালিস্ট এন্ড ক্যাপাসিটিটিং পিআইবি' শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়।

৯.২। প্রকল্পের উদ্দেশ্যঃ

প্রকল্পটির সামগ্রিক উদ্দেশ্য হলো একটি সহায়ক পরিবেশ তৈরির মাধ্যমে গণমাধ্যম এবং তথ্য ব্যবহার করে বাংলাদেশে ইউনিভার্সেল হেলথ কাভারেজ (UHC) সম্পর্কে জনসচেতনতা তৈরী এবং পিআইবি'র সক্ষমতার উন্নয়ন ঘটানো

৯.৩। প্রকল্প অনুমোদন সংক্রান্ত তথ্যঃ

প্রকল্পটি ১৫৬.৬৬ লক্ষ টাকা (পুরোটিই প্রকল্প সাহায্য ৪৩৫৪.১৪ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৩ হতে জুন ২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য তথ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক ০৫.১১.২০১৩ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০১ বছর বৃদ্ধি করে জুন ২০১৫ এর পরিবর্তে জুন ২০১৬ পর্যন্ত এর বাস্তবায়নকাল নির্ধারণ করা হয়।

৯.৪ প্রকল্প পরিচালকঃ

ক্রঃ নং	নাম ও পদবী	পূর্ণ কালিন	খন্ড কালিন	একের অধিক প্রকল্পের দায়িত্বে নিয়োজিত কিনা	প্রকল্প পরিচালকের দায়িত্বের মেয়াদ
১।	জনাব দুলাল চন্দ্র বিশ্বাস মহাপরিচালক	-	√	না	1-12-2012 হতে 11-11-2013
২।	জনাব রাফিজা রহমান সিনিয়র প্রশিক্ষক	-	√	না	11-12-2013 হতে 30-06-2016

১০। প্রকল্প পরিদর্শন ও বাস্তবায়ন পর্যবেক্ষণ:

সমাপ্ত প্রকল্পের কার্যাবলী পর্যালোচনা ও মূল্যায়নের লক্ষ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক জনাব নূর মোহাম্মদ হোসাইনী কর্তৃক ১১/১০/২০১৭ তারিখে পিআইবি এর প্রধান কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে প্রকল্পের পরিদর্শন কাজে সহায়তা করেন।



আলোকচিত্র ১-২: রাজশাহীতে ইউনিভার্সেল হেলথ কভারেজ নিয়ে অনুষ্ঠিত কর্মশালা

প্রকল্প পরিচালক প্রকল্পের সার্বিক বিষয়ে অবহিত করতে গিয়ে বলেন, মার্কিন যুক্তরাষ্ট্রের রকফেলার ফাউন্ডেশনের অর্থায়নে 'মেকিং এ মার্চ টুওয়ার্ডস ইউনিভার্সেল হেলথ কভারেজ ইন বাংলাদেশ ; ট্রেনিং আপ জার্নালিস্ট এন্ড ক্যাপাসিটিটিং পিআইবি ' শীর্ষক প্রকল্পের আওতায় ইউনিভার্সেল হেলথ কভারেজ সংক্রান্ত সাংবাদিকদের জন্য প্রশিক্ষণ কর্মশালা, গবেষণাসহ নানা ধরনের কার্যক্রম পরিচালনা করা হয়েছে।



আলোকচিত্র ৩-৪: খুলনা ও রাজশাহীতে অনুষ্ঠিত ইউনিভার্সেল হেলথ কভারেজ সংক্রান্ত প্রশিক্ষণ

এই প্রকল্পের আওতায় স্বাস্থ্যখাতে আগ্রহী/কর্মরত সাংবাদিকদের ইউনিভার্সেল হেলথ কভারেজ সম্পর্কে প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে এ বিষয়ে শিক্ষকদের সাথে মতবিনিময়সহ বিষয়টিকে কোর্স হিসেবে বিশ্ববিদ্যালয়ের পাঠ্যসূচিতে অন্তর্ভুক্তকরণের কাজ করা হয়েছে। বিশেষত রাজশাহী এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে Development Issue

id course curriculam এ সার্বজনীন স্বাস্থ্যসেবা অর্ন্তভুক্ত করা হয়েছে। সার্বজনীন স্বাস্থ্যসেবা বিষয়ে গণমানুষের মধ্যে আগ্রহ বৃদ্ধির জন্য কর্মরত সাংবাদিকদের মধ্যে এ প্রশিক্ষণ কর্মশালা, সেমিনার ও টিভি টকশো করা হয়েছে।



আলোকচিত্র ৫-৬: রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং বেসরকারী স্টামফোর্ড বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সাথে ইউনিভার্সেল হেলথ কাভারেজ বিষয়ে কম্পাল্টেশন।

প্রকল্পের আওতায় ‘স্বাস্থ্য সন্ধান, সার্বজনীন স্বাস্থ্য সুরক্ষা বিষয়ক গণমাধ্যম সহায়িকা’ নামক একটি ম্যানুয়াল তৈরী করা হয়েছে। এছাড়া টিপিপি অনুযায়ী আলোচ্য প্রকল্পের একটি গবেষণা এবং একটি প্রভাব মূল্যায়ন সমীক্ষা করা হয়েছে।

১১.০ অর্থ বছরভিত্তিক প্রকল্পের বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যঃ

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ			আর্থিক ব্যয়		
	মোট	টাকা	প্র.সা.	মোট	টাকা	প্র.সা.
২০১৩-১৪	29.00	-	29.00	29.00	-	29.00
২০১৪-১৫	29.56	-	29.56	29.56	-	29.56
২০১৫-১৬	98.092	-	98.092	94.03	-	94.3
মোট	156.66		156.66	152.59		152.59

১২.০ প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

উদ্দেশ্য	অর্জন
বাংলাদেশের স্বাস্থ্য রিপোর্টিংয়ের পরিমাণ ও বিষয়বস্তু খতিয়ে দেখার মাধ্যমে ইউনিভার্সেল হেলথ কাভারেজ নিয়ে সাংবাদিকদের সাথে কাজ করার সুযোগ সৃষ্টি, প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনারের মাধ্যমে করতে পিআইবি প্রশিক্ষকদের দক্ষ করে তোলা এবং স্বাস্থ্যসেবায় অর্থায়ন সম্পর্কে সাংবাদিককে সচেতন করাসহ পিআইবির সক্ষমতা বৃদ্ধি করা।	বাংলাদেশে পিআইবি’র প্রশিক্ষণ কর্মশালা, সেমিনার গবেষণাসহ প্রাতিষ্ঠানিক শিক্ষা ও গবেষণা, স্বাস্থ্যসেবায় অর্থায়নসহ বিভিন্ন বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা হয়েছে যার মাধ্যমে পিআইবি’র দক্ষতা উন্নয়নের সুযোগ ও ক্ষেত্র প্রসারিত হয়েছে মর্মে প্রকল্প কার্যালয় হতে জানানো হয়েছে।

১৩.০ বাস্তবায়ন/বিদ্যমান সমস্যাঃ

- ১৩.১. প্রকল্পের অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে জমা দেয়া: আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নকালে অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়নি এবিষয়ে মন্ত্রণালয়ের সাথে পরামর্শপূর্বক অব্যয়িত অর্থসরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে।
- ১৩.২. সরবরাহকৃত যন্ত্রপাতির অবস্থা: আলোচ্য প্রকল্পের আওতায় সরবরাহকৃত বেশিরভাগ যন্ত্রপাতি চলমান রয়েছে, তা পরিদর্শনকালে দেখা যায়।
- ১৩.৩. সেমিনার, ওয়ার্কশপ ও দেশি-বৈদেশিক প্রশিক্ষণ: আলোচ্য প্রকল্পটিতে বেশ কিছু ধরনের সেমিনার, ওয়ার্কশপ, দেশি-বৈদেশিক প্রশিক্ষণ ইত্যাদি প্রদান করা হয়েছে। উক্ত প্রশিক্ষণপ্রাপ্তরা প্রশিক্ষণের দক্ষতা প্রয়োগিক/বাস্তব ক্ষেত্রে কিভাবে কাজে লাগিয়েছে সে বিষয়ে সুবিন্যস্ত তথ্য উপাত্ত এবং ফলোআপের অভাব রয়েছে।
- ১৩.৪. টিভি টক শো: আলোচ্য প্রকল্পের আওতায় টিপিপি অনুযায়ী ৪০টি টিভি টকশো করার কথা থাকলেও ২৪টি করা হয়েছে। এর কারণ হিসেবে জানানো হয় যে টিপিপিতে 'টিভি টকশো'র ব্যয় প্রাক্কলন সঠিক হয়নি, নির্ধারিত ব্যয়ে তাই ৪০টি টকশো করা যায়নি।
- ১৩.৫. অডিট সম্পর্কিত: প্রকল্পের internal অডিট সম্পন্ন করার বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর এ কোন তথ্য উল্লেখ করা হয়নি।
- ১৩.৬. প্রকল্পের পিসিআর প্রেরণে বিলম্ব: আলোচ্য প্রকল্পটি জুন ২০১৬ তে শেষ হয়। অন্যদিকে সমাপ্তি প্রতিবেদন এপ্রিল ২০১৭ আইএমইডিতে প্রেরণ করা হয়। প্রকল্প সমাপ্তির ০৯ মাস পর সমাপ্তি প্রতিবেদন প্রেরণের বিষয়টি অনাকাঙ্ক্ষিত।

১৪.০। সুপারিশঃ

- ১৪.১. প্রকল্পের অব্যয়িত অর্থ অবিলম্বে সরকারী কোষাগারে জমা প্রদান করে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করতে হবে;
- ১৪.২. ভবিষ্যতে এ ধরনের প্রকল্প প্রণয়নকালে এমনভাবে পরিকল্পনা করতে হবে যাতে প্রশিক্ষণলব্ধ জ্ঞান প্রশিক্ষণার্থীবৃন্দ বাস্তবে প্রয়োগ করছে কিনা তা নিয়মিত পরিবীক্ষণ করে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংরক্ষণ করা যায়। প্রয়োজনে ডাটাবেজ করে এর ফলোআপ কার্যক্রম গ্রহণ করা যেতে পারে;
- ১৪.৩. ভবিষ্যতে গ্রহীতব্য প্রকল্পের অংগভিত্তিক ব্যয় ও প্রাক্কলন সঠিকভাবে নিরূপন করতে হবে;
- ১৪.৪. ভবিষ্যতে এ ধরনের প্রকল্প প্রণয়নকালে এমনভাবে পরিকল্পনা করতে হবে যাতে প্রকল্পের 'Time over-run' না ঘটিয়ে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায়;
- ১৪.৫. উপরোক্ত সুপারিশ/মতামত (অনুচ্ছেদ ১৪.১-১৪.৪) অনুযায়ী গৃহীত ব্যবস্থা সম্পর্কে যথাশীঘ্র বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।